# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ভাষা, পেশা ইত্যাদি বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. বিভিন্ন পেশার নিন্দা

যে সকল জাল হাদীস আমাদের সমাজে দীর্ঘস্থায়ী ঘৃণ্য প্রভাব রেখেছে সেগুলোর অন্যতম হলো, তাঁতি, দর্জি, কর্মকার, নাপিত ইত্যাদি পেশার মানুষদের বিরুদ্ধে বানানো বিভিন্ন জাল হাদীস। ইসলামে শ্রম, কর্ম ও পেশাকে উৎসাহ প্রদান করা হয়েছে। সকল প্রকার পেশা ও কর্মকে প্রশংসা করা হয়েছে। পক্ষান্তরে এ সকল জালিয়াত রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে বিভিন্ন পেশার নিন্দায় হাদীস বানিয়েছে। যেমন, তাঁতিগণ বা নাপিতগণ অন্য মুসলমানদের সাথে বৈবাহিক সম্পর্কের সমমর্যাদা সম্পন্ন নয়। কর্মকার বা স্বর্ণকারগণ সবচেয়ে বেশি মিথ্যাবাদি। তাঁতিরাই দাজ্জালের অনুসারী হবে। পশু-ব্যবসায়ী, কসাই বা শিকারীর নিন্দা।[1]

এ সকল জাল হাদীসের প্রচলন মুসলিম সমাজে বিভিন্ন পেশার প্রতি ঘৃণা, কর্মের প্রতি ঘৃণা ইত্যাদি ইসলাম বিরোধী মানসিকতা সৃষ্টি করেছে।

### ফুটনোট

[1] বাইহাকী, আস-সুনানুল কুবরা ৭/১৩৪-১৩৫; দাইলামী, আল-ফিরদাউস ৩/৮৯; ইবনুল জাওযী, আল-মাউদূ‘আত ১/১৬২-১৬৩; যাহাবী, মীযানুল ই’তিদাল ৫/১৭৪-১৭৬; ইবনু হাজার, তালখীসুল হাবীর ৩/১৬৪; আদ-দিরাইয়াহ ২/৬৩; সুয়ূতী, আল-লাআলী ১/২০১-২০২; ইবনু আর্রাক, তানযীহ ১/২৫৪-২৫৫; শাওকানী, আল-ফাওয়াইদ ১/১৯৮-১৯৯; আলবানী, যায়ীফুল জামি, পৃ. ৫৬২-৫৬৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5045

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন